মুজিবনগরে এক্সকাভেটরে আগুন দিয়েছে দুর্বৃত্তরা

মুজিবনগরের মহাজনপুর বেনাগাড়ি খালে এক্সকাভেটরে আগুন দিয়ে পুড়িয়ে দিয়েছে দুর্বৃত্তরা।

গত শনিবার রাত ৯টার দিকে এ ঘটনা ঘটে। আগুনে পুড়ে এক্সকাভেটর পুরোপরি নষ্ট হয়ে যায়। প্রায় ২৫ লক্ষ টাকার ক্ষতি হয়েছে বলে দাবি করেছেন চালক সেলিম মোল্লা।
চালক সেলিম মোল্লা বলেন, পরশুদিন রাতে গাড়ি নামায়। সকাল ৭টার দিকে গাড়ি চালু করি। দুই ঘন্টা গাড়ি চালানোর পরে আমার গাড়িতে একটু সমস্যা হয়। ডাইনামা পুড়ে যায় পরে ডাইনামা খুলে নিয়ে আমি মেহেরপুর জামিল মটর্স এ সার্ভিসং করতে নিয়ে যায়।

সার্ভিস থেকে আসার পর ৯টার দিকে ফিদু ভাইকে ফোন দিলাম ভাই একটা ট্রাকক্টর নিয়ে যাত্রি ছাউনি কাছে থাকে আমরা আসছি। তার পর গাড়িটা তুলে নিয়ে আসবো। পরে ওনাকে কে ফোন দিয়ে বলে যে গাড়িতে আগুন দিয়েছে। তখন বলো তারাতারি আসেন কারা যেন গাড়িতে আগুন দিয়েছে। আমরা সেখানে গিয়ে দেখি আগুনে এক্সকাভেটর জ্বলছে। প্রায় ১ ঘন্টা পর আগুন নিয়ন্ত্রনে আসে।

এ ব্যাপারে মুজিবনগর থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে।

মহাজনপুর ইউনিয়নের ওয়ার্ড কমিটি গঠন উপলক্ষে বর্ধিত সভা অনুষ্ঠিত

মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের ওয়ার্ড কমিটি গঠন উপলক্ষে বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকেলে ইউনিয়নের গোপালপুর গ্রামে এই বর্ধিত সভা

অনুষ্ঠিত হয়। মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজাউর রহমান নান্নুর সভাপতিত্বে এবং মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবদুর রশিদ বল্টু এর সঞ্চালনায় বর্ধিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জিয়াউদ্দিন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেব উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা জাতীয় পার্টির সভাপতি আব্দুল হামিদ, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী । এ সময় ইউনিয়ন এর ওয়ার্ড কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক বৃন্দ উপস্থিত ছিলেন।

বর্ধিত সবার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৭ ই মার্চ হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধুর জন্মদিবসে তার আদর্শের দল বাংলাদেশ আওয়ামী লীগ মহাজনপুর ইউনিয়ন শাখার ত্রি-বার্ষিক ওয়ার্ড কমিটি গঠন করা হবে বলে জানান মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজাউর রহমান নান্নু।

ঝিনাইদহে পুর্বশত্রুতার জেরে যুবলীগ নেতাকে কুপিয়ে হত্যা

ঝিনাইদহে পূর্বশত্রুতার জের ধরে আবন হোসেন (৪২) নামে পৌর ওয়ার্ড যুবলীগের সাবেক সভাপতিকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা।

রবিবার দুপুর আড়াইটার দিকে সদর উপজেলার খাজুরা গ্রামে এই হত্যাকান্ড ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, সদর উপজেলার খাজুরা গ্রামের ছালামত মন্ডলের ছেলে আবন হোসেন ওষুধ কেনার উদ্দেশ্যে খাজুরা বটতলা বাজারে মিঠুর ওষুধের দোকানে আসছিল এসময় আগে থেকেই ওত পেতে থাকা একই গ্রামের জাহিদ ও ছোটনের নেতৃত্বে একদল সন্ত্রাসী তার উপর হামলা চালিয়ে কুপিয়ে ও গলা কেটে হত্যা নিশ্চিত করে পালিয়ে যায়। পরে পুলিশ খবর পেয়ে লাশটি উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে প্রেরণ করে।

উল্লেখ যে, গত ২০২০সালের ১০জুন জাহিদের নেতৃত্বে একদল বিএনপির

নেতা কর্মী আওয়ামী লীগে যোগদান করে। এনিয়ে ঝিনাইদহ পৌরসভার ৮নং ওয়ার্ড যুবলীগের সাবেক সভাপতি আবন হোসেন গ্রুপের সাথে জাহিদ গ্রুপের সংর্ঘষ বাধে এতে একই গ্রামের আব্দুল বারীর ছেলে ফারুক হোসেন (৩৫) আহত হয়। পরে ফারুককে ঢাকায় নিয়ে গেলে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

সেই হত্যা মামলায় আবন কে প্রধান আসামী করা হয়। ফারুক হত্যার প্রতিশোধ নিতে জাহিদ ও ছোটনের নেতৃত্বে আজ এই হত্যাকান্ড সংঘটিত হতে পারে বলে এলাকাবাসীদের ধারণা।

এবিষয়ে ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ মোহাম্মদ সোহেল রানা জানান, রবিবার দুপুরে ঝিনাইদহ সদরের খাজুরা গ্রামের আবন হোসেন নামে এক যুবককে কুপিয়ে হত্যা করে পালিয়ে গেছে দুর্বত্তরা। লাশটি মর্গে পাঠানো হয়েছে।

আমরা আসামীদের গ্রেফতারের চেষ্টা করছি। তিনি আরও বলেন পূর্বশত্রুতার জের ধরে এই হত্যার ঘটনা ঘটতে পারে বলে ধারণা করা হচ্ছে।

দেড় যুগ পর পদ হারালেন সভাপতি-কাজী আলম

৯০ দিনের মেয়াদ নির্ভর কমিটির ১৭ বছর আহ্বায়কের দায়িত্বে থাকলেও প্রায় দেড় যুগ পর অনুষ্ঠিতব্য সম্মেলনে নেই কোন পদ। রাজনীতি বিমূখ তৎপরতার কারণে একটি ওয়ার্ডেও করতে পারেননি কাউন্সিল।

অবশেষে সব জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে দলীয় নীতি নির্ধারকদের সিদ্ধান্ত অনুযায়ী প্রায় দেড় যুগ পর ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর আ.লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

এতে জেলা ও উপজেলা নেতৃবৃন্দের নীতি নির্ধারক কমিটির চুড়ান্ত সিদ্ধান্ত অনুযায়ী ১৯৭৫ সালের পৌর আ.লীগের সাবেক সাধারণ সম্পাদক মরহুম কাজী আঃ সাত্তার ছনু মিয়ার পুত্র সর্বজন স্বীকৃত সাবেক

শ্রমীকলীগ নেতা কাজী আলমগীরকে সভাপতি হিসাবে মনোনীত করা হয়।

এছাড়াও সাবেক ছাত্রলীগ নেতা রিপন মন্ডল সাধারণ সম্পাদক মনোনীত হয়। এদিকে অধ্যাপক (অবঃ) ফারজেল হোসেন মন্ডল ৯০ দিনের মেয়াদ নির্ভর কমিটিতে ১৭ বছর গুরুত্বপূর্ণ একটি (আহবায়কের) দায়িত্বে থাকলেও পৌর আ.লীগের সম্মেলনে মেলেনি কোন পদ।

নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক সূত্র জানায়, বিগত দিনে ফারজেল হোসেন মন্ডল বিএনপি রাজনীতির সঙ্গে যুক্ত থেকে বিএনপি’র প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক ছিলেন। ২০০০ সালের পরে আওয়ামী লীগে যোগদানকারী এই নেতা পৌর আ.লীগের সম্মেলনে সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করেন। এ ঘটনায় প্রকৃত নেতা কর্মীদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়।

সূত্র জানায়, বিরোধী দলের রাজনীতি করার সময় তিনি সভা সমাবেশে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারকে নিয়ে কটুক্তি করতেন। এছাড়াও তিনি বর্তমানে পৌর কলেজের সভাপতি হিসেবে দায়িত্বে আছেন।

শিক্ষা প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ দায়িত্বে থেকে কলেজের বিভিন্ন পদে নিয়োগ দেয়া নিয়েও রয়েছে ব্যাপক সমালোচনা। ২০০৫ সালে কোটচাঁদপুর পৌর আওয়ামী লীগের আহ্বায়ক কমিটি গঠন হয়।

৯০ দিনের মেয়াদ নির্ভর এ কমিটির ১৭ বছর দায়িত্বে থাকলেও রাজনীতি বিমুখ তৎপরতার কারণে ১টি ওয়ার্ডেও কাউন্সিল করতে পারেননি ফারজেল হোসেন। দীর্ঘ প্রতিক্ষার পর দলের নীতি নির্ধারকদের চুড়ান্ত সিদ্ধান্তে পৌর আ.লীগের কমিটিতে নতুন অভিভাবক নিযুক্ত হওয়ায় নেতা-কর্মীদের মাঝে শুরু হয়েছে নতুন ঊদ্দিপনা।

নতুন সভাপতি কাজী আলমগীর এই প্রতিবেদককে জানান, আ.লীগের রাজনীতির সঙ্গে থেকে দীর্ঘদিন দলের হয়ে কাজ করেছি। দলের নীতি নির্ধারকরা যে গুরু দায়িত্ব দিয়েছেন তা যথাযথ পালনে সচেষ্ট থাকবো। সেই সাথে সচ্ছ ও ত্যাগী নেতা-কর্মীদের নিয়ে পৌর আ.লীগের একটি পূর্ণাঙ্গ কমিটি উপহার দিব।

মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের দ্বি-বার্ষিক নির্বাচন-২০২১

আগামীকাল ১৪ মার্চ ২০২২ তারিখে মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের দ্বি-বার্ষিক নির্বাচন-২০২১ অনুষ্ঠিত হবে। নির্বাচন ফলাফলের বিরুদ্ধে আপিল বোর্ডের নিকট আপত্তি দাখিল এর তারিখ ১৫ মার্চ ২০২২ এবং নির্বাচন ফলাফলের বিরুদ্ধে গৃহীত আপত্তি আপিল বোর্ডের নিস্পত্তির তারিখ ১৬ মার্চ ২০২২।

গাংনীর এমপিকে আওয়ামী লীগ থেকে অপসারণের দাবিতে স্মারকলিপি প্রদান

রাজাকারের সন্তান উল্লেখ করে গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও মেহেরপুর -২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকনকে আওয়ামী লীগ থেকে অপসারণের দাবি করেছেন কতিপয় স্থানীয় নেতা।

আজ রবিবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের মাধ্যমে তারা প্রধানমন্ত্রীর কাছে দাবি সম্বলিত একটি স্মারকলিপি প্রদান করেন। বীর মুক্তিযোদ্ধা আব্দুল লতিফ ও গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি ইসমাইল হোসেন স্বাক্ষরিত একটি স্মারকলিপি দেওয়া হয়।

এসময় মেহেরপুর জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন, উপজেলা যুবলীগ সভাপতি মোশাররফ হোসেন, যুবলীগ নেতা মজিরুল ইসলাম উপস্থিত ছিলেন।

দর্শনা বাউল পরিষদের নসিমন সুন্দরী ঢাকা সোনারগাঁও এর মঞ্চে

দক্ষিণ অঞ্চলের ব্যাপক সাড়া জাগানো লোকজ ঘরানার পালা ” নসিমন সুন্দরী ” ঢাকা সোনারগাঁও লোক ও কারু শিল্প ফাউন্ডেশন মেলায় গত শুক্রবার রাতে মঞ্চস্থ হয়েছে।

জেলার একমাএ লোকজ সাংস্কৃতিক সংগঠন দর্শনা বাউল পরিষদের শিল্পীরা এ পালাটি পরিবেশন করেন। সোনারগাঁও এর ময়ুরপংখি মঞ্চে পালা শুরুর আগে মেলা পরিচালনা ও আয়োজক কমিটির সহকারি পরিচালক এম জামান খান বাউল পরিষদের শিল্পী কলাকুশলীদের পরিচয় করিয়ে দেন।

হাজার হাজার দর্শকদের উপস্থিতি ও আনন্দের মধ্যে ৩ ঘন্টায় পালাটি সম্পন্ন করা হয়। নসিমন সুন্দরী পালার পরিচালক নির্দেশক ও মিউজিসিয়ান এবং বাউল পরিষদের সভাপতি ও বিটিভির লোকসংগীত শিল্পী ধীরু বাউল জানান, মাটির গান ও সুরের কদর ছিলো, আছে, থাকবে যদি তার নিজেস্বতা না হারায়।

তারই প্রমান যে অজো পাড়া গাঁ গেরামের নসিমন সুন্দরী পালাটি রাজধানী শহরের ইট পাথরের মানুষেরা দেখে মুগ্ধ হলেন। শিল্পীদের উৎসাহ দিলেন এবং পালার নায়িকার চরিত্রে অভিনয় করা শিল্পীকে নগদ (অর্থ) বকশিষ দিলেন।

উল্লেখ ১৯৯৯ সালে দর্শনা আকন্দবাড়িয়া গ্রামে বাউল পরিষদ স্থাপিত হওয়ার পর থেকে হারিয়ে যাওয়া গ্রামবাংলার ঐতিহ্যবাহি যাত্রাপালা, লাঠিখেলা, লোকজপালা রুপবান, নসিমনসুন্দরী সাগরভাষা, গুনাইবিবি, জারিগান, ঝাপানগান, বাউলগান, লালনগান, পাগলাকানাইয়ের গান, মহররমের শোকনামা সহ লোকগানের বেশ কয়েকটি ধারা নিয়ে কাজ করে যাচ্ছেন।।

দেড়যুগ পর দামুড়হুদা উপজেলা আ’ লীগের ত্রি- বার্ষিক সম্মেলন

২০০৪ সালের এপ্রিল মাসে ৬৭ জন সদস্য নিয়ে দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের পূর্ণাঙ্গ কমিটি গঠন হয়। তারপর থেকে দীর্ঘ দেড়যুগ পর আর কোন কমিটি হয়নি।

দীর্ঘ দেড়যুগ পর দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের ত্রি বার্ষিক সম্মেলন অনুষ্টিত হতে যাচ্ছে। আগামী ১৫ মার্চ মঙ্গলবার সকাল ১০ টায় দর্শনা পৌর অডিটোরিয়াম প্রাঙ্গণে এ সম্মেলন অনুষ্টিত হবে।

এ সম্মেলনকে কেন্দ্র করে দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের সর্বস্তরের নেতাকর্মীদের মধ্যে এক প্রকার উৎসবের আমেজ বিরাজ করছে।

এ সম্মেলনকে কেন্দ্র করে সভাপতি পদে বর্তমান দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক মাহফুজুর রহমান মনজু সভাপতি হিসাবে এগিয়ে আছে বলে জোর গুন্জন উঠছে।

তার প্রতিদ্বন্দী বর্তমান দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, হাউলী ইউনিয়নের সাবেক ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম,ও জুড়ানপুর ইউনিউনের চেয়ারম্যান সোহরাব হোসেন সভাপতি প্রাথী হয়ে প্রতিদন্দী করছে বলে জানা গেছে। সাধারন সম্পাদক পদে যারা প্রাথী হয়ে প্রতিদ্বন্দীতা করেছে তারা হলেন, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আ’লীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু, পারকৃন্ষপুর মদনা ইউনিউনের চেয়ারম্যান এস এম জাকারিয়া আলম,দামুড়হুদা উপজেলার সাবেক চেয়ারম্যান আঃ আজিজ,আ’ লীগ নেতা আবু তালেপ,ও শহিদুল ইসলাম,প্রাথী হয়ে প্রতিদন্দী করবে বলে জানিয়েছে একটি সুত্র।

দীর্ঘ ১৮ বছর পর দলের সম্মেলন অনুষ্টিত হওয়ার ষোষনা এলে নেতা কর্মীদের মধ্যে গতি ফিরে আসে। শুরু হয় উৎসবের আমেজ।

দামুড়হুদা উপজেলা জুড়ে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে। সম্মেলন

মন্থস্থ পৌর শহর ও উপজেলার প্রধান প্রধান সড়ক সাজানো হবে বর্ণিল সাজে। সম্মেলন সফল করতে ইতিমধ্যেই প্রতিটি ইউনিয়নে বর্ধিত সভা অনুষ্টিত হয়েছে। দর্শনা পৌর অডিটোরিয়াম মিলানায়তনে তৈরি করা হবে সম্মেলন মন্ঝ।

সম্মেলন সফল করতে দিনরাত কাজ করে যাচ্ছেন নেতা কর্মিরা। এদিকে চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর এমপির নির্দেশন নিয়ে আমরা দামুড়হুদা উপজেলাবাসি ঐক্যবদ্ধ হয়ে আওয়ামী লীগের সম্মেলন শতভাগ সফল হবে বলে জনান প্রাথীরা।

অপরদিকে এমপি আলী আজগার টগর বলেন দামুড়হুদা উপজেলায় কোন প্রকার দলীয় কোন্দল নেই। এই কমিটি দেশনেত্রী শেখ হাসিনার হাতকে আরো শক্তিশালী করবে এবং আওয়ামী লীগকে আরও বেগবান করে তুলবে।

আলমডাঙ্গায় নিখোঁজের ৯ দিন পরও স্ত্রী ও ছেলের সন্ধান মেলেনি

স্ত্রী ও ছেলেকে হারিয়ে পথে পথে দিন মজুর পিতা নান্নু রহমান। সকাল থেকে রাত পর্যন্ত জেলা ও উপজেলার বিভিন্ন প্রান্তরে খুঁজে ফিরছে তার স্ত্রী লিপি খাতুন (২৭) ও ছেলে লিংকন (৭)।

গত ৩ মার্চ বাড়ি থেকে হাটবোয়ালিয়া বাজারে উদ্দেশ্য বের হয়ে আর ফিরে আসেনি তার স্ত্রী ও সন্তান। এ ঘটনায় গত ৬ মার্চ দিনমজুর নান্নু রহমান বাদি হয়ে আলমডাঙ্গা থানায় সাধারণ ডাইরী করেন।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার ভাঙবাড়িয়া ইউনিয়নের বাঁশবাড়িয়া গ্রামের দিনমজুর নান্নুর স্ত্রী লিপি খাতুন ও ছেলে লিংকনকে সাথে নিয়ে হাটবোয়ালিয়া বাজারে যায়। সন্ধ্যা হলেও বাড়ি ফেরেনি দুজন।

পরের দিন থেকে তার নিকটতম আত্নীয়র বাসায় খোঁজখবর নিলেও তাদের কোন সন্ধান পাওয়া যায় না। দুজনের অজান্তে নিখোঁজের ঘটনায় গত ৬ মার্চ নান্নু বাদি হয়ে আলমডাঙ্গা থানায় সাধারণ ডায়েরি করেন।

আলমডাঙ্গায় কালিদাসপুর দেয়ালচাপা পড়ে শ্রমিকের মৃত্যু

আলমডাঙ্গার কালিদাসপুর দেয়ালচাপা পড়ে মনিরুল ইসলাম (৪০) নামের এক শ্রমিকের মৃত্যু হয়েছে।

শনিবার দুপুর ১০টার দিকে উপজেলার কালিদাসপুর গ্রামে ওই দুর্ঘটনা ঘটে। স্থানীয়রা উদ্ধার করে হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। নিহত মনিরুল ইসলাম আলমডাঙ্গা উপজেলার আসাননগর গ্রামের সোনা মণ্ডলের ছেলে।

স্থানীয়রা জানান, আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি জয়নাল আবেদিন তার নিজের চাতালের গোডাউন সংস্কারের জন্য রাজমিস্ত্রি ও টিন মিস্ত্রি দিয়ে কাজ করাচ্ছিলো। শনিবার সকালে ওই গোডাউনের কাজ করে মনিরুল ইসলাম।

সকাল ১০ টার দিকে গোডাউনের বাঁশ খুঁলতে গেলে ছিটকে পড়ে মনিরুল। শরীরের উপরে ভেঙে পড়ে ইটের প্রাচিল। গুরুত্বর আহত হয় মনিরুল। স্থানীয়রা দ্রুত উদ্ধার করে হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

দিনমজুর মনিরুল নিহতের ঘটনাটি আসাননগর গ্রামে ছড়িয়ে পড়লে এলাকাজুড়ে শোকের ছায়া নেমে আসে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, নির্মাণাধীন কাজের সময় শ্রমিক মনিরুল ইসলামের মৃত্যু হয়েছে। অভিযোগ না থাকায় আবেদনের পরিপ্রেক্ষিতে সুরতহাল প্রতিবেদন শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। এ ঘটনায় একটি অপমৃত্যু মামলা করা হয়েছে।